# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পাসপোর্ট অফিস, সিরাজগঞ্জ।

www. dip.gov.bd

সিটিজেন চার্টার

| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| আবেদনের প্রকৃতি | করণীয় | ফি(টাকা) | শ্রেণী | সময়সীমা | মন্তব্য |
| নতুন/১২ বছর উর্ত্তীণ পাসপোর্টের ক্ষেত্রে | মেশিন রিডেবল পাসপোর্টের জন্য ০২(দুই) কপি সত্যায়িত আবেদনপত্র (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় সনদ জমা দিতে হবে যেমন-জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সনদ/কাগজপত্র। | ৬,৯০০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | যথাসময়ে অনুকুল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | অনুকুল পুলিশ প্রতিবেদন পাওয়া না গেলে পাসপোর্ট ইস্যু করা হবে না। |
| | | ৩,৪৫০/- ভ্যাট সহ | সাধারণ (REGULAR) | যথাসময়ে অনুকুল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সম্ভাব্য ২১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | অনুকুল পুলিশ প্রতিবেদন পাওয়া না গেলে পাসপোর্ট ইস্যু করা হবে না। |
| দশ বছর উর্ত্তীর্ণ কিন্তু ১২ বছরের অধিক নয় এমন সমর্পনকৃত পাসপোর্টের ক্ষেত্রে | এক প্রস্থ আবেদনপত্র (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে। তবে ক্ষেত্র বিশেষ তদন্তের প্রয়োজন হলে ০২ (দুই) কপি আবেদনপত্র জমা দিতে হবে। | ৬,৯০০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | তবে ক্ষেত্র বিশেষ তদন্তের প্রয়োজন হলে ০২ (দুই) কপি আবেদনপত্র (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে এবং অনুকুল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পাসপোর্ট ইস্যু করা হবে। |
| | | ৩,৪৫০/- ভ্যাট সহ | সাধারণ (REGULAR) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ২১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | |
| হারানো (MRP) পাসপোর্টের বিপরীতে পাসপোর্ট প্রাপ্তির ক্ষেত্রে | জিডি কপিসহ আবেদনপত্র (ডিআইপি ফরম-২) এক প্রস্থ জমা দিতে হবে। | ৬,৯০০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | পুরাতন রেকর্ড যাচাই করে সঠিক পাওয়া গেলে (Loss Circular জারী সাপেক্ষে) হারানো পাসপোর্টের বিপরীতে নতুন পাসপোর্ট ইস্যু করা হবে। তবে ক্ষেত্র বিশেষ তদন্তের প্রয়োজন হলে কিংবা অন্য RPO/ দূতাবাস এর হলে অতিরিক্ত এক প্রস্থ আবেদনপত্র (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে। |
| | | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ২১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | |
| সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাদের স্বামী/স্ত্রীসহ ১৫ বছরের কম বয়সের সন্তান, আধাসরকারী, স্বায়ত্তশাসিত ও রাষ্ট্রায়ত্ব সংস্থায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে | মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর প্রধানের নিকট হতে নির্ধারিত ফরমে এনওসি (NOC From)([www.dip.gov.bd/](http://www.dip.gov.bd/) অফিসে পাওয়া যাবে) সহ ০১(এক) প্রস্থ আবেদনপত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে NOC ইস্যুর তারিখ হতে ০৬ মাস পর্যন্ত তা গ্রহনযোগ্য হবে। NOC তে অবশ্যই টেলিফোন নম্বর, ওয়েব এ্যাড্রেস, ই-মেইল এ্যাড্রেস, পদটি স্থায়ী/অস্থায়ী,পুলিশ প্রতিবেদন হয়েছে/হয়নি তা উল্লেখ থাকতে হবে। পাসপোর্ট Re-issue এর ক্ষেত্রেও NOC প্রযোজ্য। | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | ১। সরকারী আদেশের (GO) সরকারী কাজের প্রেক্ষিতে অফিসিয়াল পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে ফি প্রযোজ্য নয়।<br>২। NOC/ GO ইস্যুকারী সংস্থা/প্রতিষ্ঠানের ওয়েবসাইট এ অবশ্যই প্রদর্শিত থাকতে হবে। |
| অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাদের স্বামী/স্ত্রীর ক্ষেত্রে | শুধুমাত্র অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীর পেনশন অর্ডার/ পেনশন বহির সত্যায়িত কপি সহ এক প্রস্থ আবেদনপত্র জমা দিতে হবে। তাদের স্বামী/স্ত্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/ প্রতিষ্ঠানের স্মারক নম্বর স্ববলিত পত্র/ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | পেনশন বহি সাথে আনতে হবে। |
| সেনা/নৌ/ বিমান বাহিনীর | আর্মি গোয়েন্দা সংস্থার | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কর্মকর্তাদের ক্ষেত্রে | সুপারিশ/ছাড়পত্র থাকতে হবে। | | | সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | |
| রি-ইস্যুঃ পাসপোর্টে তথ্য পরিবর্তন/ সংশোধনের ক্ষেত্রে পাসপোর্ট (এমআরপি) ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের পর আবেদন করলে। | ০১(এক) কপি তথ্য পরিবর্তন/সংশোধন আবেদনপত্রে (ডিআইপি ফরম-২) আবেদন করতে হবে, পরিবর্তিত তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদির (যেমন-জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি,বোর্ডের সনদ/হলফনামা ইত্যাদি) কপি জমা দিতে হবে। | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | ১। তথ্যাদি পূর্ববর্তী রেকর্ড যাচাই পূর্বক সঠিক হতে হবে।<br>২। তবে ক্ষেত্র বিশেষ তদন্তের প্রয়োজন হলে ০২(দুই) কপি আবেদনপত্র (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে এবং অনুকুল তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পাসপোর্ট ইস্যু করা হবে। |
| রি-ইস্যুঃ পাসপোর্টে তথ্য পরিবর্তন/ সংশোধনের ক্ষেত্রে পাসপোর্ট (এমআরপি) ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন করলে। | ০১(এক) কপি তথ্য পরিবর্তন/সংশোধন আবেদনপত্রে (ডিআইপি ফরম-২) আবেদন করতে হবে, পরিবর্তিত তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদির (যেমন-জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ক্ষেতে বোর্ডের সনদ/হলফনামা ইত্যাদি) কপি জমা দিতে হবে। | ৬,৯০০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | ১। তথ্যাদি পূর্ববর্তী রেকর্ড যাচাই পূর্বক সঠিক হতে হবে।<br>২। তবে ক্ষেত্র বিশেষ তদন্তের প্রয়োজন হলে ০২(দুই) কপি আবেদনপত্র (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে এবং অনুকুল তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পাসপোর্ট ইস্যু করা হবে। |
| | | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ২১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | |
| রি-ইস্যুঃ পাসপোর্ট হারানো গেলে/ব্যবহারের অনুপোযুক্ত হলে | ০১(এক) কপি তথ্য পরিবর্তন/সংশোধন আবেদনপত্রে (ডিআইপি ফরম-২) আবেদন করতে হবে,সঙ্গে প্রয়োজনীয় দলিলাদির (যেমন-জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি মূল জিডি ইত্যাদি) কপি জমা দিতে হবে। | ৬,৯০০/- ভ্যাট সহ | জরুরী (EXPRESS) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ১১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | ১। হারানো পাসপোর্ট ক্ষেত্রে পূর্ববর্তী কোন তথ্যের পরিবর্তন করা যাবে না।<br>২। তবে ক্ষেত্র বিশেষে তদন্তের প্রয়োজন হলে ২(দুই) কপি আবেদন (ডিআইপি ফরম-১) জমা দিতে হবে এবং অনুকুল তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পাসপোর্ট ইস্যু করা হবে। |
| | | ৩,৪৫০/- ভ্যাট সহ | জরুরী (REGULAR) | আবেদনপত্র জমা হওয়ার সম্ভাব্য ২১ দিনের মধ্যে পাসপোর্ট পাওয়া যাবে। | |

১। আবেদনপত্রের সঙ্গে দাখিলকৃত যে কোন সনদের কাগজের মূল কপি কর্তৃপক্ষ দেখতে চাইলে আবেদনকারী তা প্রদর্শণ করতে হবে।
২। পাসপোর্ট সংক্রান্ত যে কোন সমস্যার জন্য যে কোন কর্ম দিবসে সকাল (১০.০০ টার মধ্যে) সহকারী পরিচালক (কক্ষ নং-২০১) সঙ্গে যোগাযোগ করুন। এছাড়াও প্রতি মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত সেবা প্রত্যাশী জনগনের অভাব-অভিযোগ সরাসরি শ্রবণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও পরামর্শ প্রদান করা হয়।
৩। সকল আবেদনপত্রের সঙ্গে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করা বাধ্যতামূলক। এছাড়া প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র এবং সমর্পণকৃত পাসপোর্ট এর সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে।
৪। যে সকল আবেদনকারীর ক্ষেত্রে ০২টি আবেদনপত্র পযোজ্য তাদেরকে প্রত্যেকটি আবেদনপত্রের সঙ্গে প্রয়োজণীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।
৫। সোনালী ব্যাংকের সিরাজগঞ্জ কর্পোরেট শাখা এবং ঢাকা ব্যাংক, ট্রাষ্ট ব্যাংক, ওয়ান ব্যাংক, ব্যাংক এশিয়া ও প্রিমিয়ার ব্যাংকের যে কোনো শাখায় পাসপোর্টের জন্য ফি জমা করা যায়।
৬। নিজের কাজ নিজে করি,দূর্নীতি মুক্ত দেশ গড়ি।